

# জীবন ও জীবিকার উপযোগী শিক্ষা ব্যবস্থা চাই : মজিদ

শিক্ষা ও ধর্ম বিষয়ক উপদেষ্টা ডঃ এ মজিদ খান বৃহস্পতিবার সকাল তার মন্ত্রণালয়ের অধীনস্থ বিভিন্ন বিভাগ পরিদর্শন করেন এবং বিভাগীয় কর্মকর্তাদের সাথে পৃথক পৃথক বৈঠক করেন। খবর তথ্য বিবরণীর।

এ সকল বৈঠকে বক্তৃতাদানকালে শিক্ষা উপদেষ্টা সার্বজনীন শিক্ষার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি জীবন ও জীবিকার প্রয়োজনে শিক্ষা ব্যবস্থাকে রূপদানের জন্য উদ্যোগ গ্রহণে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রতি আহ্বান জানান। উন্নত শিক্ষা ব্যবস্থার উল্লেখ করে তিনি বলেন, শিক্ষার হার বৃদ্ধির এবং জীবিকার প্রয়োজনে যেন সে শিক্ষা কাজে আসে সেদিকে আমাদের লক্ষ্য রাখতে হবে। তিনি প্রাথমিক শিক্ষাকে মূল শিক্ষা হিসেবে অভিহিত করে প্রাথমিক শিক্ষাকে শিক্ষার্থীর জাতীয় পরিচয়, ধর্ম, সংস্কৃতি, পারি-

পাশ্বিকতা, সমাজ ও জীবিকা সম্পর্কে ন্যূনতম জ্ঞান অর্জনের উপযোগী করে গড়ে তোলার আহ্বান জানান। উপদেষ্টা এই উদ্দেশ্যে প্রাথমিক শিক্ষকদের প্রশিক্ষণের প্রতি (জিএসসি - এক-স-সি)

**মজিদ**  
(১ম পৃঃ পর)  
গুরুত্ব দেন।  
ধর্ম বিষয়ক বিভাগের কর্মকর্তাদের উদ্দেশ্যে জব্বানকালে ডঃ খান বলেন, বাংলাদেশ একটি মুসলিম সংখ্যাগরিষ্ঠ দেশ। তিনি বলেন, সংখ্যাগরিষ্ঠ জনগণের ধর্মীয় আচার-অনুষ্ঠান পালন ও অনুশীলন আমাদের জাতীয় পরিচয়ের অঙ্গ। তিনি অন্য ধর্মাবলম্বীদেরও তাদের স্ব-ধর্ম পালনে স্বাধীনতা রক্ষা বলে উল্লেখ করেন।  
কবিদ্যা ও সংস্কৃতি বিভাগের কর্মকর্তাদের উদ্দেশ্যে বক্তৃতাদানকালে উপদেষ্টা জাতীয় ঐতিহ্য, কবি, সভ্যতা ও সংস্কৃতির মালন ও উৎকর্ষ সাধনের জন্য সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান। তিনি বিদেশে বাংলাদেশের সংস্কৃতির প্রচারের উপর গুরুত্ব আরোপ করেন। জপ-রাহে শিক্ষা উপদেষ্টা বিদেশী কবি নজরুল ইসলামের কবর জিয়ারত ও ইসলামিক ফাউন্ডেশন পরিদর্শন করেন।



ডঃ এ মজিদ খান  
শিক্ষা ও ধর্ম  
বিষয়ক উপদেষ্টা

প্রধান সামরিক আইন প্রশাসক গতকাল তার উপদেষ্টা পরিষদের সদস্য হিসাবে ডঃ এ মজিদ খানকে নিয়োগ করেছেন। ডঃ খানকে শিক্ষা ও ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্ব দেয়া হয়েছে। খবর বাসসর।